

বরাবর

বার্তা সম্পাদক

আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে নিগোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ করছি।

ধন্যবাদসহ

মোঃ নূর খান

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

২ মে ২০১৪

নারায়নগঞ্জে অপহৃত সাতজনের লাশ উদ্ধার আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

নারায়নগঞ্জের শীতলক্ষা নদী থেকে সাত ব্যক্তির লাশ উদ্ধারের ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

বিভিন্ন সংবাদমাধ্যমসূত্রে জানা যায়, গত ২৭ এপ্রিল ২০১৪ নারায়নগঞ্জ থেকে সিটি করপোরেশন কাউন্সিলর, আইনজীবী সহ মোট ৭ জন অপহৃত হয়েছিলেন এবং ৩০ এপ্রিল ২০১৪ দুপুরে ও ১মে ২০১৪ সকালে শীতলক্ষা নদী থেকে তাদের লাশ উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত কাউন্সিলর, আইনজীবী সহ অন্যান্যদের ক্ষতবিক্ষত লাশের অবস্থা দেখে প্রতীয়মান হয় যে, এটা প্রশিক্ষিত ও সংঘবদ্ধ কোন গোষ্ঠীর কাজ। সাম্প্রতিক সময়ে নারায়নগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে অপহরণের ঘটনা ঘটে চলছে।

বিভিন্ন সূত্র ও সংবাদমাধ্যমসূত্র থেকে সংগৃহীত তথ্যের বিত্তিতে আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরে গত চারমাসে সারা দেশে ৫৪ জন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক অপহৃত হয়েছেন বলে সন্দেহ করা হচ্ছে। এদের মধ্যে ফিরে এসেছেন কেবল ৮ জন এবং ১৫ জনের লাশ পাওয়া গেছে, কিন্তু বাকিদের এখন পর্যন্ত কোন খোঁজ পাওয়া যায়নি। দেশের বিভিন্ন স্থানে অপহরণের ঘটনার পুনরাবৃত্তিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে এবং জনমনে আতঙ্ক ও নিরাপত্তাহীনতা বোধ বিরাজ করছে।

ইতোমধ্যে সরকারের পক্ষ থেকে বেশকিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নারায়নগঞ্জ জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ র‍্যাভ-পুলিশের দায়িত্বশীল কর্মকর্তাদের বদলির সিদ্ধান্ত এবং বিজ্ঞপ্তির মাধ্যমে সব ধরনের যানবাহন থেকে কালো গ-াস খুলে ফেলার নির্দেশ দেয়া হয়েছে। কিন্তু আমরা মনে করি, উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রনে এ সব পদক্ষেপই যথেষ্ট নয়। এ ধরনের অপহরণের ঘটনায় বিভিন্ন সময়ে রাষ্ট্রীয় বাহিনীর বিরুদ্ধে ও অভিযোগ উঠেছে। আমাদের বারংবার দাবি সত্ত্বেও এখন পর্যন্ত রাষ্ট্রের তরফ থেকে জড়িতদের বিরুদ্ধে দৃশ্যমান কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। যার ফলে অপরাধীদের মধ্যে দায়হীনতার বোধ তৈরি হয়েছে এবং সেকারনেই বেপরোয়াভাবে একের পর এক ঘটনা ঘটে চলেছে। বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ-৩২ অনুযায়ী, আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তি স্বাধীনতা থেকে কোন

ব্যক্তিকে বঞ্চিত করা যাবে না। আমরা আবারও জোর দিয়ে বলতে চাই, যারাই এ ধরনের অপহরণ ও হত্যার সঙ্গে জড়িত থাকুক না কেন, রাষ্ট্র তার দায় এড়াতে পারে না।

আইন ও সালিশি কেন্দ্র (আসক) অতিদ্রুত জড়িত অপরাধী ঘাতকদের চিহ্নিত করে, তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি প্রতিটি নাগরিকের সার্বিক নিরাপত্তার নিশ্চয়তা বিধানের জন্য সরকারের কাছে জোর দাবী জানাচ্ছে।